65

দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 APR 1996
পৃষ্ঠা ৭ কলাম ৭

## দৃষ্টি আকর্ষণ

দেশের শিক্ষা বোর্ডগুলো থেকে এসএসসি কিংবা এইচএসসি পাস করার পর সার্টিফিকেট দেয়া হয় যা বাংলা ভাষায় মুদ্রিত। যেহেতু বাংলা আমাদের মাতৃভাষা সেহেতু তা যুক্তিসঙ্গত ও সকলের কাছে গ্রহণযোগ্য। কিন্তু ঐ সার্টিফিকেটধারী যখন উচ্চ শিক্ষার্থে বৃত্তি নিয়ে বিদেশে গমন করে অথবা অন্যান্য ক্ষেত্রে প্রয়োজন হয় তখন বাংলায় সার্টিফিকেট বোর্ডের নিয়ম অনুযায়ী ও ফী দিয়ে ইংরেজীতে রূপান্তরিত করতে হয়। অনেক সময় একাজটি সময় সাপেক্ষ হয়। ভোগান্তিও দেখা দেয়।

এর সমাধান কল্পে, একই সার্টিফিকেটে দুটো অংশ থাকবে—একটি অংশ বাংলায়, অন্য অংশ ইংরেজী ভাষায়

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## দৃষ্টি আকর্ষণ

(প্রথম পাতার পর)

মুদ্রিত থাকবে। তাতে পরবর্তীতে শিক্ষার্থীর আর ইংরেজী সার্টিফিকেট নতুনভাবে করার প্রয়োজন হবে না এবং ভোগান্তি কম হবে।

এ ক্ষেত্রে প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ ফরম পূরণের সময় অতিরিক্ত বা দ্বিগুণ ফী নিতে পারেন। আমরা আশা করব সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উক্ত বিষয়টি বিবেচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন।—ফাতিমা আকতার মুনা, আতাউর রহমান মানিক, পূর্ব ফিরোজশাহ কলোনি, পাহাড়তলী কর্নেলহাট, চট্টগ্রাম।